বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)
কোটবাড়ী, কুমিল্লা

স্মারক নং- ৪৭.৬৩.০০০০.০৪১.১১.৯১৬.২৪/১২৭৬

তারিখঃ ১৫/০৪/১৪৩২ বঙ্গাব্দ
৩০/০৭/২০২৫ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কোটবাড়ী, কুমিল্লা-এর নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তে অনলাইনে (http://bard.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের আবেদন আহবান করা হচ্ছে। অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

ক্রমিক নং	পদের নাম ও বেতনক্রম	পদ সংখ্যা	সর্বোচ্চ বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	লেডি হেলথ ভিজিটর ১১,০০০-২৬,৫৯০ (বেতন গ্রেড-১৩)	০১ (এক)টি	৩২	(ক) মাধ্যমিক ও সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ কোন মহিলা; এবং (খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে মাতৃত্ব এবং শিশু স্বাস্থ্য পরিচর্যায় ডিপ্লোমা বা পরিবার কল্যাণ পরিদর্শিকাদের জন্য বিভাগীয় প্রশিক্ষণে উত্তীর্ণ; তবে শর্ত থাকে যে, স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত বিভাগীয় মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
২	সহকারী শিক্ষিকা/সহকারী শিক্ষক, প্রাথমিক বিদ্যালয় ১০,২০০-২৪,৬৮০ (বেতন গ্রেড-১৪)	০৪ (চার)টি	৩২	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ সরকার অনুমোদিত কোন মাধ্যমিক বা প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট হতে প্রশিক্ষণ প্রাপ্ত।
৩	মেকানিক ১০,২০০-২৪,৬৮০ (বেতন গ্রেড-১৪)	০১ (এক)টি	৩২	(ক) কোন স্বীকৃত কারিগরী প্রতিষ্ঠান হতে মেকানিক্যাল ট্রেডে দুই বৎসরের সার্টিফিকেট কোর্স পাশ; অথবা (খ) দুই বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, পর্যাপ্ত অভিজ্ঞ ব্যক্তিগণের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
৪	ফার্মাসিস্ট ১০,২০০-২৪,৬৮০ (বেতন গ্রেড-১৪)	০১ (এক)টি	৩২	সরকার কর্তৃক স্বীকৃত বা অনুমোদিত কোন ইনস্টিটিউট হইতে তিন বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-ফার্মেসি কোর্স পাস।
৫	ফটোগ্রাফার ১০,২০০-২৪,৬৮০ (বেতন গ্রেড-১৪)	০১ (এক)টি	৩২	(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ফটোগ্রাফী বিষয়ে সার্টিফিকেটসহ তিন বৎসরের অভিজ্ঞতা।
৬	ক্যাটালগার ৯,৩০০-২২,৪৯০ (বেতন গ্রেড-১৬)	০১ (এক)টি	৩২	(ক) গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা; অথবা (খ) গ্রন্থাগারের কাজে দুই বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৭	কার্যসহকারী ৯,৩০০-২২,৪৯০ (বেতন গ্রেড-১৬)	০১ (এক)টি	৩২	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণসহ মেশিনারী বিষয়ে ট্রেড কোর্স পাস।
৮	অফিস সহকারী ৯,৩০০-২২,৪৯০ (বেতন গ্রেড-১৬)	০২ (দুই)টি	৩২	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ।
৯	তথ্য সংগ্রহকারী ৯,৩০০-২২,৪৯০ (বেতন গ্রেড-১৬)	০৩ (তিন)টি	৩২	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ। তবে শর্ত থাকে যে, তথ্য সংগ্রহ ও কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
১০	অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর/ ডাটা এন্ট্রি অপারেটর ৯,৩০০-২২,৪৯০ (বেতন গ্রেড-১৬)	০১ (এক)টি	৩২	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ; কম্পিউটার প্রশিক্ষণসহ ডাটা এন্ট্রি অপারেটর হিসেবে এক বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ; তবে শর্ত থাকে যে, মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ তিন বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন বিভাগীয় প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
১১	ডেমোনেস্ট্রেটর ৯,৩০০-২২,৪৯০ (বেতন গ্রেড-১৬)	০১ (এক)টি	৩২	উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসসহ উদ্যানতত্ব বিষয়ে সার্টিফিকেট অথবা মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসসহ তিন বৎসর মেয়াদী কৃষি ডিপ্লোমা সার্টিফিকেট।
১২	সহকারী পরিদর্শিকা ৯,০০০-২১,৮০০ (বেতন গ্রেড-১৭)	০২ (দুই)টি	৩২	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কোন মহিলা। তবে শর্ত থাকে যে, গ্রাম পর্যায়ে সংগঠন সৃষ্টি এবং স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে অভিজ্ঞ মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
১৩	মোয়াজ্জীন ৮৮০০-২১৩১০ (বেতন গ্রেড-১৮)	০১ (এক)টি	৩২	(১) ভাল কন্ঠস্বরের অধিকারী এবং মোয়াজ্জীন হিসাবে এক বৎসরের অভিজ্ঞতা; এবং (২) আলিম বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; তবে শর্ত থাকে যে, মোয়াজ্জীন হিসাবে পাঁচ বৎসরের অভিজ্ঞতাসহ দাখিল বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বিভাগীয় প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হইবেন।
১৪	স্কীলড্ মেইনটেনেন্স ওয়ার্কার (এস.এম.ডব্লিউ) ৮,৮০০-২০,২৯০ (বেতন গ্রেড-১৮)	০২ (দুই)টি	৪০	মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বিদ্যুৎ, গ্যাস, প্লাম্বিং কাজে তিন বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা।
১৫	ড্রাইভার (থ্রিহুইলার) ৮,৫০০-২০,৫৭০ (বেতন গ্রেড-১৯)	০২ (দুই)টি	৩২	বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ অষ্টম শ্রেণি বা সমমানের কোন পরীক্ষায় উত্তীর্ণ।
১৬	বাইন্ডার ৮,৫০০-২০,৫৭০ (বেতন গ্রেড-১৯)	০১ (এক)টি	৩২	অষ্টম শ্রেণি পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ তিন বৎসরের অভিজ্ঞতা।
১৭	দপ্তরী ৮,৫০০-২০,৫৭০ (বেতন গ্রেড-১৯)	০১ (এক)টি	৩২	অষ্টম শ্রেণি পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ তিন বৎসরের অভিজ্ঞতা।
১৮	সর্টার ৮,৫০০-২০,৫৭০ (বেতন গ্রেড-১৯)	০১ (এক)টি	৩২	মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট কাজে দুই বৎসরের অভিজ্ঞতা।
১৯	টি-ম্যান (চা-প্রস্তুতকারক) ৮,২৫০-২০,০১০ (বেতন গ্রেড-২০)	০২ (দুই)টি	৩২	অষ্টম শ্রেণী পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং সংশ্লিষ্ট কাজে পাঁচ বৎসরের অভিজ্ঞতা।

C:\Users\Hp\Desktop\staff recruitment\advertisement recruitment-BARD Staff for News paper (Shorted) .docx

ক্রমিক নং	পদের নাম ও বেতনক্রম	পদ সংখ্যা	সর্বোচ্চ বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
২০	সহকারী বাবুর্চি ৮,২৫০-২০,০১০ (বেতন গ্রেড-২০)	০১ (এক)টি	৩২	অষ্টম শ্রেণী পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে দুই বৎসরের অভিজ্ঞতা
২১	সহকারী নাস্তা কারিগর ৮,২৫০-২০,০১০ (বেতন গ্রেড-২০)	০১ (এক)টি	৩২	অষ্টম শ্রেণী পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং সংশ্লিষ্ট কাজে দুই বৎসরের অভিজ্ঞতা
২২	প্লাম্বিং সহকারী ৮,২৫০-২০,০১০ (বেতন গ্রেড-২০)	০১ (এক)টি	৩২	(ক) সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স পাশ; অথবা (খ) অষ্টম শ্রেণী পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ প্লাম্বিং কাজে পাঁচ বৎসরের অভিজ্ঞতা।
২৩	অফিস সহায়ক ৮,২৫০-২০,০১০ (বেতন গ্রেড-২০)	০৮ (আট)টি	৩২	অষ্টম শ্রেণি পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ দুই বৎসরের অভিজ্ঞতা।
২৪	বাগানমালী ৮,২৫০-২০,০১০ (বেতন গ্রেড-২০)	০৪ (চার)টি	৩২	অষ্টম শ্রেণি পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বাগানের কাজে দুই বৎসরের অভিজ্ঞতা।
২৫	পরিচ্ছন্নতাকর্মী ৮,২৫০-২০,০১০ (বেতন গ্রেড-২০)	০৪ (চার)টি	৩২	অষ্টম শ্রেণি পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ পরিষ্কার পরিচ্ছন্নতা ও অন্যান্য শারীরিক শ্রমের কাজে দুই বৎসরের অভিজ্ঞতা।
২৬	নিরাপত্তা প্রহরী ৮,২৫০-২০,০১০ (বেতন গ্রেড-২০)	০৪ (চার)টি	৩২	অষ্টম শ্রেণি পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতা; তবে শর্ত থাকে যে, সামরিক বাহিনী, পুলিশ বাহিনী, আনসার বাহিনী ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যগণকে অগ্রাধিকার প্রদান করা হবে: আরও শর্ত থাকে যে, উল্লিখিত বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যগণের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য হবে।
২৭	দাই ৮,২৫০-২০,০১০ (বেতন গ্রেড-২০)	০১ (এক)টি	৩২	অষ্টম শ্রেণী পাশ বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ধাত্রী বিদ্যায় সার্টিফিকেট বা ধাত্রী বিদ্যায় তিন বৎসরের অভিজ্ঞতা।

আবেদনের শর্তাবলীঃ

০১। **০১-০৭-২০২৫** খ্রি. তারিখে আবেদনকারীর সর্বনিম্ন ও সর্বোচ্চ বয়স হবে ১৮ (আঠারো) হতে ৩২ (বত্রিশ) বছর তবে ক্রমিক নং ১৪ এবং ২৬ এর সামরিক বাহিনী, পুলিশ বাহিনী, আনসার বাহিনী ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যগণের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা অনুযায়ী বয়সসীমা শিথিলযোগ্য।

০২। চাকরির জন্য আবেদন আগামী ০৬/০৮/২০২৫খ্রিঃ তারিখ সকাল ১০:০০ টা হতে ৩১/০৮/২০২৫খ্রিঃ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

০৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

০৪। বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)-এ নিয়মিত ও অনিয়মিত ভাবে কর্মরত কর্মচারী যারা বার্ড কর্তৃক লিখিত নিয়োগ পত্রের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হয়েছেন তাঁরা বিভাগীয় প্রার্থী হিসেবে আবেদন করতে পারবেন এবং এক্ষেত্রে তাঁদের বয়সসীমা শিথিলযোগ্য হবে। তবে তাঁদের বয়স অবশ্যই সরকারি অবসর গমনের বয়স অপেক্ষা কম হতে হবে এবং চূড়ান্ত নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীদের দাপ্তরিক তথ্য যাচাই করা হবে।

০৫। চাকরির আবেদন ফরমে (Applicant's Copy) সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকরির জন্য নির্বাচিত হলে চাকরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ নেই।

০৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটাসহ বিদ্যমান সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৭। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রাদি প্রদর্শন করতে হবে এবং একসেট সত্যায়িত কপি জমা দিতে হবে:
(ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জন্মনিবন্ধন, নাগরিকত্ব, জাতীয় পরিচয়পত্র ও সকল প্রকার প্রশিক্ষণের সনদ, প্রযোজ্য ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স এবং পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি রঙিন ছবি;
(খ) পূরণকৃত Application Form ও Admit Card;
(গ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে আবেদনকারীকে (সংশ্লিষ্ট বীরমুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র অথবা এ সকল পদে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/ব্যক্তি কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র উপস্থাপন করতে হবে।
(ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ; এবং
(ঙ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

০৮। অনলাইন-এ পূরণকৃত বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গ কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

০৯। কোন প্রার্থী যদি ফৌজদারি আদালত কর্তৃক যে কোন অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। তথ্য গোপন রেখে আবেদন করলে বিধি অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। **প্রার্থীর যোগ্যতা যাচাই:** নিয়োগ প্রক্রিয়ার যেকোন পর্যায়ে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র/অভিজ্ঞতার সনদ জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে যাচিত ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র/ ভুয়া অভিজ্ঞতার সনদ প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোনো সময়ে প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

১২। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদে কোন সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৪। আবেদনের শর্তাবলিতে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

ক. আবেদনকারীকে http://bard.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৬/০৮/২০২৫খ্রিঃ সকাল-১০:০০টা।
ii. Online-এ আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময়: ৩১/০৮/২০২৫খ্রিঃ বিকাল-০৫:০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণকে Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে হবে।

খ. Online আবেদনপত্রে প্রার্থীকে তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থীকে Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করতে হবে এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিতে হবে।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:
Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk prepaid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে ক্রমিক নং-১ থেকে ১১ এর জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২ (একশত বার) টাকা এবং ক্রমিক নং- ১২ থেকে ২৭ এর জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬ (ছয়) টাকা অফেরতযোগ্য অর্থাৎ মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা এবং সকল গ্রেডের পদেই অনগ্রসর নাগরিকদের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থী) আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

SMS এর নিয়মাবলী

প্রথম SMS: **BARD**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: **BARD ABCDEF**
Reply: Applicant's Name, Tk-224 will be charged as application fee. Your PIN is 12345678.
To pay fee Type BARD<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: **BARD**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: **BARD YES 12345678**
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BARD Application for post Name User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bard.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায়, উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থীকে Download পূর্বক রঙিন Print করে নিতে হবে। প্রার্থীকে এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

জ. কোনো প্রার্থী যদি তার User ID বা Password হারিয়ে ফেলেন, তবে তিনি শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর ব্যবহার করে নিম্নোক্ত SMS পদ্ধতি অনুসরণ করে (User ID বা PIN নম্বর ব্যবহার করে) স্বীয় User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে:
BARD<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222 নম্বরে।
Example: **BARD Help User ABCDEF** & send to 16222

ii. PIN Number জানা থাকলে:
BARD<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222 নম্বরে।
Example: **BARD Help PIN 12345678** & send to 16222.

ঝ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থীকে নিজেই করতে হবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও http://bard.gov.bd/ ওয়েবসাইটে এবং http://.bard.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

ট. Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল থেকে ১২১ এ কল করা যাবে অথবা alljobs.quary@teletalk.com.bd বা diradmin@bard.gov.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: BARD, Post Name........, Applicant's User ID ও contact number অবশ্যই উল্লেখ করতে হবে) ।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) কোটবাড়ী, কুমিল্লা এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) কোটবাড়ী, কুমিল্লা এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

(জোনায়েদ রহিম)
যুগ্মপরিচালক (প্রশাসন)
বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা

C:\Users\Hp\Desktop\staff recruitment\advertisement recruitment-BARD Staff for News paper (Shorted) .docx